গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং-কুসক-২০২৫/ ১৭৬ তারিখ: ২২/০৭/২০২৫ খ্রি.

# জরুরী বিজ্ঞপ্তি

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে বিমান বাহীনির একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়। এ আকস্মিক বিমান দুর্ঘটনার শিকার হয়ে কোমলমতি শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীসহ অনেকে আহত নিহত হয়েছেন। মর্মান্তিক দুর্ঘটনায় কুষ্টিয়া সরকারি কলেজ পরিবার গভীর ভাবে শোকাহত। মহান সৃষ্টিকর্তার নিকট মরহুমদের বিদেহী আত্মার মাগফেরাত ও আহত শিক্ষার্থীসহ অন্যান্যদের দ্রুত সুস্থ্যতা কামনা করছি। আহত ও নিহতদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকার ২১/০৭/২০২৫ খ্রি. তারিখের স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০১০.২৫-৩৭৬০/৬ মোতাবেক অদ্য ২২/০৭/২০২৫ খ্রি. তারিখ কুষ্টিয়া সরকারি কলেজে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচীতে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

## কর্মসূচী

১। সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।
২। নিহতদের মাগফেরাত এবং আহতদের সুস্থ্যতা কামনায় বাদ যোহর কলেজ মসজিদে বিশেষ দোয়া।

Rhm 22/7/25
(প্রফেসর মোল্লা মোঃ রুহুল আমীন)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।